

PRINT

সমকাল

ময়মনসিংহে মাদ্রাসা শিক্ষকদের বিভাগীয় সমাবেশ

১০ ঘণ্টা আগে

ময়মনসিংহ ব্যুরো

বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের জাতীয়করণের দাবিতে বুধবার ময়মনসিংহে ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের বিভাগীয় শিক্ষক সমাবেশ ও কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সমাবেশে ময়মনসিংহ বিভাগের চার জেলার মাদ্রাসা শিক্ষকরা অংশ নেবেন। এতে ২৪ কৃতি শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

ময়মনসিংহ টাউন হল তারেক স্মৃতি অডিটরিয়ামে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা মো. আবদুর রহমান শাহজাহানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির কেন্দ্রীয় মহাসচিব কাজী মোখলেছুর রহমান। সমাবেশে বক্তব্য দেন শেখ মহিউদ্দিন আহাম্মদ, শামসুল আলম, মজিবুর রহমান, মোসলেম উদ্দিন, রেজাউল করিম, আনোয়ার হোসেন, আবু তাহের, আবদুল মালেক, গোলাম মোস্তফা, হাসিম উদ্দিন প্রমুখ।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

